দৈনিক ইনকিলাব

তারিখ 29 JUL 1987
পৃষ্ঠা ... কলাম ...

205

# উপজেলা পরিক্রমা

## সাপাহার

ধামরাইহাট (নওগাঁ), ২৭ জুলাই (সংবাদদাতা)। লালমাটির জেলা। উঁচু-নিচু জমিতে ভরা। কিছু বনভূমি আছে। সাপাহার উপজেলা সম্পূর্ণ বরেন্দ্র ভূমি। প্রচুর ধান জন্মে। ইদানিং যাতায়াতের ব্যবস্থার উন্নতি হচ্ছে। বসতি কম। শিক্ষিতের হার কম। এই উপজেলায় ৬টি ইউনিয়ন। সাপাহার, তিলনা, আইহাই, পানরিয়া, গোয়ানা, সিকটি।

### পরিসংখ্যান

আয়তন ১২৭ বর্গমাইল। গ্রামের সংখ্যা ২৪০টি। ফুটকল গ্রাম জমিদার শ্রেণীর ধনী ও শিক্ষিত লোকের বাস। ইউনিয়নের সংখ্যা ৬টি। মোট জনসংখ্যা ৮৭,৭৬৬ জন। পুরুষ ৪৪,৩৩৫ জন, স্ত্রীলোক ৪৩,৪৩১ জন। মোট জমির পরিমাণ ৭৪,৮৭০ একর, আবাদী জমি ৬২,১৩০ একর, অনাবাদী জমি ১২,৭২০ একর, জমির রকম লালমাটি ও বরেন্দ্রভূমি। উৎপন্ন দ্রব্য ধান, গম। সরকারী প্রাইমারী স্কুল ৪৫টি, বেসরকারী প্রাইমারী স্কুল ১০টি, হাই স্কুল ১২টি, জুনিয়র হাই স্কুল ৪টি, মাদ্রাসা ১৩টি, কলেজ ১টি, মসজিদ ২৮৪টি, মন্দির ২টি।